

Model Activity Task 2022 January

Class 7| Geography | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| জানুয়ারী

সপ্তম শ্রেণী | ভূগোল | পার্ট -১ |

পূর্ণমান- ২০

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ অধিবর্ষের বছরটি হলো -

(ক) ১৯৯৬ (খ) ১৯৯৪ (গ) ১৯৯৮ (ঘ) ১৯৯০

১.২ তোমার ছায়ার দৈর্ঘ্য সবচেয়ে ছোটো হবে -

(ক) সকাল ৭ টায় (খ) সকাল ১০ টায় (গ) দুপুর ১২ টায় (ঘ) বিকেল ৪ টে

১.৩ যে তারিখে মহাবিশুব হয় সেটি হলো -

(ক) ১৭ মার্চ (খ) ২১ মার্চ (গ) ২৫ মার্চ (ঘ) ২৯ মার্চ

২.১ বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখো :

২.১.১ ২২ শে ডিসেম্বর পৃথিবীর সর্বত্র দিন-রাত্রি সমান হয়।

উত্তর: ভুল

২.১.২ আমাদের দেশে যখন শরৎকাল, দক্ষিণ গোলার্ধে তখন বসন্তকাল।

উত্তর: ঠিক

২.২ একটি বা দুটি শব্দে উত্তর দাও :

২.২.১ যে কল্পিত রেখার চারিদিকে পৃথিবী আবর্তন করে তার নাম লেখো।

উত্তর: পৃথিবীর অক্ষ।

২.২.২ 'বিশুব' কথাটির অর্থ কী?

উত্তর: সমান দিন ও রাত্রি

২.২.৩ কোন মাসে পৃথিবী সূর্যের সবচেয়ে কাছে অবস্থান করে?

উত্তর: জানুয়ারি মাসে।

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সবসময় সমান হয় না কেন?

উত্তরঃ পৃথিবী উপবৃত্তাকার কক্ষপথে সূর্যের চারিদিকে প্রদক্ষিণ করে। উপবৃত্তাকার কক্ষপথের একটা ফোকাসে সূর্য অবস্থান করে। একারণে পৃথিবী সূর্য প্রদক্ষিণের সময় সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সবসময় সমান থাকে না। একসময়ে পৃথিবী সূর্যের বেশি কাছে আসে আবার একসময় পৃথিবী সূর্যের থেকে বেশি দূরে চলে যায়।

৩.২ পৃথিবীর পরিক্রমণ গতির আরেক নাম বার্ষিক গতি কেন?

উত্তরঃ সূর্যকে একবার সম্পূর্ণ প্রদক্ষিণ করতে পৃথিবীর সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৬ সেকেন্ড। এই সময়কালকে বলে এক সৌরবছর। তবে, হিসাবের সুবিধার জন্য পৃথিবীর একবার সম্পূর্ণ পরিক্রমণের সময়কে ৩৬৫ দিন ধরে প্রতি চতুর্থ বছরের দিনসংখ্যার সঙ্গে ১ দিন যোগ করে ৩৬৬ দিন ধরা হয়। এইভাবে, পরিক্রমণ গতির মাধ্যমে বছর নির্ধারিত হয় বলে এই গতির আর এক নাম বার্ষিক গতি।

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও :

অপসূর ও অনুসূরের মধ্যে পার্থক্য লেখো।

উত্তরঃ

অপসূর	অনুসূর
১। ৪ জুলাই পৃথিবী ও সূর্যের মধ্যে অপসূর অবস্থান ঘটে	১। ৩ জানুয়ারী পৃথিবী ও সূর্যের মধ্যে অনুসূর অবস্থান ঘটে
২। পৃথিবী ও সূর্যের মধ্যে দূরত্ব হয় ১৫ কোটি ২০ লক্ষ কিমি	২. পৃথিবী ও সূর্যের মধ্যে দূরত্ব হয় ১৪ কোটি ৭০ লক্ষ কিমি
৩। এই সময় পৃথিবীর পরিক্রমণ বেগ সামান্য কমে যায়।	৩। এই সময় পৃথিবীর পরিক্রমণ বেগ সামান্য বেড়ে যায়।

৫. নীচের প্রশ্নটির উত্তর দাও :

চিত্রসহ সংক্ষেপে ঋতু পরিবর্তনের বর্ণনা দাও।

উত্তরঃ যখন উত্তর গোলার্ধ সূর্যের দিকে ঝুঁকে থাকে, তখন উত্তর গোলার্ধে ক্রমশ দিন গুলো বড়ো আর রাত ছোট হতে থাকে। অর্থাৎ দিনের আলো অনেকক্ষন পাওয়া যায়। সারাদিন ধরে সূর্যের তাপে পৃথিবী উত্তপ্ত হয়। অথচ রাত ছোটো হওয়াই তেমন ঠান্ডা হওয়ার সময় পায়না। দিনের পর দিন এমন হলে গরম বাড়তে থাকে। এই সময়ে উত্তর গোলার্ধে সূর্য রশ্মি পড়ে অনেক লম্বা ভাবে। তাই সূর্যের তাপ ও প্রবল হয়। এই সময় উত্তর গোলার্ধে গ্রীষ্মকাল ও দক্ষিণ গোলার্ধে শীতকাল।

আবার যখন দক্ষিণ গোলার্ধ সূর্যের দিকে বেশি ঝুঁকে থাকে, উত্তর গোলার্ধে তখন ক্রমশ দিন ছোট আর রাত বড় হতে থাকে। দিনের আলো বেশিক্ষণ থাকে না বলে পৃথিবী বেশিক্ষণ ধরে উত্তপ্ত হয় না। রাতে ঠান্ডা হওয়ার সময় বেশি পায়। এই সময় উত্তর গোলার্ধে সূর্য রশ্মি বাকা পড়ে, তাই কম উত্তপ্ত হয়। এই সময় উত্তর গোলার্ধে শীতকাল আর দক্ষিণ গোলার্ধে গ্রীষ্মকাল।

